তারিখ 08 AUG 2016
পৃষ্ঠা 8 কলাম 6

সংবাদ

জবিতে চলছে হল আন্দোলন

# ক্লাস বর্জনের ঘোষণা শিক্ষার্থীদের

**প্রতিনিধি, জবি**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীরা চকবাজারের সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগারের জমিতে হল নির্মাণের দাবিতে আজ থেকে তিন ঘণ্টা ক্লাস বর্জনের ঘোষণা দিয়েছেন। গতকাল সকাল ৯টায় শুরু হওয়া আন্দোলন থেকে এ ঘোষণা দেন তারা।

সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের কয়েক হাজার শিক্ষার্থী চকবাজারের কারাগারের খালি জায়গায় হল নির্মাণের দাবিতে আন্দোলন শুরু করেন। এ সময় হল চাই, হল চাই স্লোগানে মুখরিত হয়ে ওঠে পুরো ক্যাম্পাস। কারাগারের জমি জবির কাছে হস্তান্তরের দাবি জানিয়ে ঘণ্টাব্যাপী মিছিল করেন শিক্ষার্থীরা। পরে শিক্ষার্থীরা মিছিল নিয়ে কলা অনুষদ ও বিজ্ঞান অনুষদ প্রদক্ষিণ করে প্রধান ফটকের সামনে অবস্থান নেন। ১২টার দিকে তারা প্রধান ফটক বন্ধ করে সেখানেই সমাবেশ করেন।

শিক্ষার্থীরা বলেন, চকবাজারের ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরানীগঞ্জে স্থানান্তরিত করা হয়েছে। সেখানে জবির হল নির্মাণের জন্য দুই বছর আগে আন্দোলন শুরু করেন তারা। তবে শিক্ষার্থীদের আন্দোলন আমলে না নিয়ে সম্প্রতি সেখানে জাদুঘর ও পার্ক নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে সরকার। শিক্ষার্থীরা জাদুঘর ও পার্ক নির্মাণের পক্ষে। তবে সেখানে শিক্ষার্থীদের জন্য আধুনিক হল নির্মাণ করতে হবে। দাবি পূরণ না হওয়া পর্যন্ত লাগাতার আন্দোলন করার ঘোষণা দিয়েছেন তারা।

জবি শিক্ষার্থী মেহরাব আজাদ বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন ঢাকার মধ্যে জমি নেই কারণ দেখিয়ে কেরানীগঞ্জে ডোবা জায়গা কিনেছে। বংশালে উদ্ধারকৃত হাবিবুর রহমান হলের জমিতে কর্মচারীরা রিকশার গ্যারেজ ব্যবসা করলেও প্রশাসনের হল নির্মাণের উদ্যোগ নেই। ঢাকার মধ্যে সাবেক কারাগারই জবির হল নির্মাণের জন্য উপযুক্ত স্থান। তবে পাঁচদিন ধরে আন্দোলন চললেও জবি প্রশাসনের কোন মাথা ব্যথা নেই। তাই শিক্ষার্থীরা ক্লাস বর্জনের সিদ্ধান্ত নিয়েছেন। আজ থেকে শুরু করে প্রতিদিন সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত ক্লাস বর্জন করবেন শিক্ষার্থীরা।

শাবাব বলেন, সাবেক কারাগারে প্রস্তাবিত জাদুঘর ও পার্ক নির্মাণের বিপক্ষে নই আমরা। তবে সেখানে জবিকেও জায়গা দিতে হবে। বাংলাদেশের সব বিশ্ববিদ্যালয়ের হল আছে শুধু জগন্নাথের নেই।

নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষক বলেন, চ্যান্সেলর মহামান্য রাষ্ট্রপতির কাছে জবি শিক্ষার্থীদের দাবিটি যথাযথভাবে তুলে ধরতে পারলে তিনি অবশ্যই কোন না কোন ব্যবস্থা গ্রহণ করবেন।